

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭১১

১৩. কিতাবুল হজ্ব (کتاب الحج)

পরিচ্ছেদঃ হারামের সীমানায় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্য দিবসের একটি নির্দিষ্ট সময়ে রক্তপাত করা বৈধ ছিল মর্মে বর্ণনা

ذِكْرُ الْإِبَاحَةِ الَّتِي كَانَتْ لِلْمُصْطَفَى صلى الله عليه وسلم فِي سَفْكِ الدَّمِ فِي حَرَمِ اللَّهِ جَلَّ وَعَلَا سَاعَةً مَعْلُومَةً

## আরবী

3711 \_ أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا الْقَعْنَبِيُّ وَالْحَجَبِيُّ وَأَبُو الْوَلِيدِ قَالُوا: حَدَّثَنَا مَالِكُ بْنُ أَنَسٍ عَنِ الزُّهْرِيِّ عَنْ أَنَسٍ: أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم دَخَلَ مَكَّةَ وَعَلَى رَأْسِهِ المِغْفَرُ فَلَمَّا وَضَعَهُ قِيلَ: هَذَا ابن خطلٍ مُتَعلِّقٌ بأستار الكعبة فقال: (اقْتُلُوهُ)

الراوي: أنس ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3711 | خلاصة حكم المحدث: صحيح \_ ((صحيح أبي داود)) (2406): ق.

## বাংলা

৩৭১১. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মক্কায় প্রবেশ করেন, এসময় তাঁর মাথায় শিরস্ত্রাণ ছিল। অতঃপর যখন তিনি সেটা খুলে রাখেন, তখন তাঁকে বলা হলো, "এই যে ইবনু খতল, কা'বার গিলাফ ধরে ঝুলে আছে!" তখন তিনি বলেন, "তাকে হত্যা করো।"[1]

## ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/৪২৩; সহীহুল বুখারী: ৫৮০৮; আবূ দাউদ: ২৬৮৫; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১৪/৪৯২; দারেমী: ২/৭৩-৭৪; হুমাইদী: ১২১২; মুসনাদ আহমাদ: ৩/১০৯; সহীহ মুসলিম: ১৩৫৭; ইবনু মাজাহ:



২৮০৫; সুনান বাইহাকী: ৭/৫৯; বাগাবী: ২০০৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১৭৭৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন